

(প্রেস বিজ্ঞপ্তি)

৩১ মে ২০২২

সিটি মেয়রের সাথে চীনের রাষ্ট্রদূত লি জিমিংয়ের সৌজন্য সাক্ষাত ওশান এমিউজমেন্ট পার্কে চীনের ব্যবসায়ীদের বিনিয়োগের আহ্বান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী'র সাথে আজ মঙ্গলবার বিকেলে টাইগারপাসস্থ সিটি কর্পোরেশনের অস্থায়ী নগর ভবনে মেয়র কক্ষে চীনের রাষ্ট্রদূত লি জিমিং সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতকালে মেয়র কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণে সহযোগিতার জন্য রাষ্ট্রদূতের মাধ্যমে চীন সরকারকে ধন্যবাদ জানান। মেয়র রাষ্ট্রদূতকে ফুলেল শুভেচ্ছা জানান এবং চসিকের মনোগ্রাম খচিত ক্রেস্ট উপহার দেন। তিনি বাংলাদেশের সঙ্গে চীনের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের উপর গুরুত্বারোপ করে বলেন, চট্টগ্রাম উপকূলীয় এলাকা হিসেবে প্রাকৃতিক দুর্যোগ, নগরীর জলাবদ্ধতা, বর্জ্য ব্যবস্থাপনা, বিউটিফিকেশন, পর্যটন শিল্প, গার্মেন্টস শিল্প, পাওয়ার প্লান্টসহ নানা খাতে বিনিয়োগের সুযোগ রয়েছে এবং চীনের অনেক নাগরিক চট্টগ্রামে বিভিন্ন উন্নয়ন মূলক কাজে সম্পৃক্ত আছে। চসিক নগরীর সমুদ্র তীরের খালী জায়গার উপর ওশান এমিউজমেন্ট পার্ক নির্মাণের যে পরিকল্পনা গ্রহণ করেছে এতে চীন বিনিয়োগ করাসহ উক্ত স্থানটি পরিদর্শনের আহ্বান জানান এবং বন্দর নগরী চট্টগ্রামকে পরিচ্ছন্ন, নান্দনিক, সবুজ ও নিরাপদ নগরী গড়ার কাজে চীনের সহযোগিতা কামনা করেন।

চীনা রাষ্ট্রদূত লি জিমিং বলেন, চট্টগ্রামে এটি আমার প্রথম সফর। এখানকার প্রাকৃতিক ও নান্দনিক সৌন্দর্যে আমি অভিভূত। রাষ্ট্রদূত চট্টগ্রামে পাওয়ার প্লান্ট, দুর্যোগ ব্যবস্থাপনা, অবকাঠামো উন্নয়নসহ নানা খাতে চীন বিনিয়োগে আগ্রহী। বর্জ্য ব্যবস্থাপনা এলইডি লাইটিং, বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনসহ বিবিধ খাতে বিনিয়োগে মেয়রের সহযোগিতা কামনা করেন। বিশেষ করে চট্টগ্রামের সঙ্গে চীনের বহুকাল থেকে সু-সম্পর্ক রয়েছে। তিনি চট্টগ্রামের সার্বিক উন্নয়নে মেয়রের ভূয়সী প্রশংসা করেন এবং বৈঠকে উভয় দেশের স্বার্থ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয় নিয়েও আলোচনা হয়।

এসময় সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাসেম, চীনের রাজনৈতিক কাউন্সিলর ওয়াং জি হুং, ফাস্ট সেক্রেটারি জি জিয়াও ফেং, এটাচি ইউ পেং, চায়নিজ এন্টারপ্রাইজ এসোসিয়েশানের ভাইস প্রেসিডেন্ট বাং ওয়েন সেং, চায়না কমিউনিকেশন কনস্ট্রাকশন কোং এর প্রতিনিধি পাং মিং, পাওয়ার চায়না বাংলাদেশের ডেপুটি ম্যানেজার হানকুন প্রমুখ উপস্থিত ছিলেন।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ফি বাবদ ৯ লক্ষ ৯৫ হাজার টাকা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে আলকরন ও পশ্চিমমাদার বাড়ী এলাকায় পরিচালিত অভিযানে তিনটি হোল্ডিং থেকে পে-অর্ডার ও চেক মারফত ৮ লক্ষ ৯৩ হাজার টাকা বকেয়া হোল্ডিং ট্যাক্স এবং রেয়াজউদ্দিন বাজার এলাকায় ১৪টি ব্যবসা প্রতিষ্ঠান থেকে বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ ৪০ হাজার ৯ শত ৮০ টাকা, আয়কর বাবদ ৪৫ হাজার ও ভ্যাট বাবদ ২ হাজার ৭ শত ৫০ টাকা আদায় করা হয়। এই সময় ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনার দায়ে ২ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৫ হাজার জরিমানা আদায় করা হয়। হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ফি আদায়ে ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত থাকবে। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

কৃষ্ণ কুমারী চসিক বালিকা উচ্চ বিদ্যালয়ের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে মেয়র
শিক্ষার্থীদের ডিজিটাল বাংলাদেশের ভবিষ্যৎ কাভারি হিসেবে তৈরি হতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেছেন, জ্ঞান মানুষের মনুষ্যত্ব অর্জন করতে শেখায়। মানুষের ঘরে যেন পশুর জন্ম না হয় সেজন্য জ্ঞান অর্জন প্রয়োজন। একটি আদর্শ জাতির নেতৃত্ব দিতে স্কুলের গন্ডি থেকে আজ যারা বিদায় নিয়ে যাচ্ছে তোমাদের প্রস্তুতি নিতে হবে। এগিয়ে যেতে হবে অকুতোভয় সৈনিকের মত। সাফল্যের পথ যতই দুর্গম ও ভঙ্গুর হোক না কেন অবিচল নিষ্ঠা ও কর্মোদ্যম নিয়ে সকল বাঁধাকে তুচ্ছ করে ডিজিটাল বাংলাদেশের ভবিষ্যৎ কাভারি হিসেবে তৈরি হতে হবে। আজ মঙ্গলবার সকালে চসিক মিউনিসিপ্যাল মডেল হাই স্কুল মিলনায়তনে কৃষ্ণ কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কাউন্সিলর সলিমুল্লাহ বাচ্চু, সংরক্ষিত কাউন্সিলর নিলু নাগ, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাসেম, প্রধান শিক্ষক আকতার হোসেন, অপর্ণাচরণ সিটি কর্পোরেশন স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জারেকা বেগম, চসিক মিউনিসিপ্যালিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় মিউনিসিপ্যাল স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল হক, পরিচালনা কমিটির সদস্য হামিদা বেগম প্রমুখ।

মেয়র আরে বলেন, বর্তমান বিশ্বে শুধুমাত্র পুঁথিগত শিক্ষায় শিক্ষিত হলে চলবে না। শিক্ষার্থীদের যে কোনো ক্ষেত্রে কারিগরি জ্ঞান অর্জন করতে হবে। হাতে কলমে শিক্ষা অর্জনের মাধ্যমে তথ্য-প্রযুক্তির যুগে টিকে থাকার মতো মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। তিনি ছাত্র-ছাত্রীদের মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে ধারণা অর্জন করে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে ভবিষ্যৎ কর্মজীবনে অবদান রাখার আহ্বান জানান। অনুষ্ঠানের শুরুতে বিদ্যালয় কর্তৃপক্ষে উদ্যোগে সিটি য়েরের জন্মদিন উপলক্ষে কেক কেটে শুভেচ্ছসহ তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩